

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কার্যক্রম  
পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং ৫২.০১.০০০০.৭০১.০১.০০১.২০-১৩১৪

তারিখ ০৬ ভাদ্র, ১৪২৯ ব.  
২১ আগস্ট, ২০২২ খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সফল বাস্তবায়নে বিবিএস এর ইনোভেশন কমিটি'র সভার কার্যবিবরণী।

সভাটি নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হয়ঃ

তারিখ : ১৬ আগস্ট, ২০২২ খ্রিস্টাব্দ  
সময় : সকাল ১১.০০ ঘটিকা।  
সভার স্থান : ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং এর পরিচালক ও ইনোভেশন কর্মকর্তার সভাকক্ষ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।  
সভাপতি : জনাব আবুল কালাম আজাদ, পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং।

২.০ সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

৩.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতেই সদস্যদের ইনোভেশন ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ যথাযথ বাস্তবায়নে সহযোগিতা করায় সকলকে ধন্যবাদ জানান। সেইসাথে বর্তমান ইনোভেশন কর্মপরিকল্পনা পূর্বের চেয়ে একটু ভিন্নতর ও অধিক গুরুত্বপূর্ণ হওয়ায় পূর্বের ন্যায় তা বাস্তবায়নে সকলকে সহযোগিতা করার আহবান জানান। পরবর্তীতে ইনোভেশন টিম এর সদস্য সচিব ও উপপরিচালককে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব শুরুতেই জানান, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ বিবিএস-এর জন্য ৫০ নম্বর বরাদ্দ রয়েছে যা অর্জন করতে পারলে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১০ নম্বর অর্জন সম্ভব হবে। বর্ণিতাবস্থায়, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির পূর্ণ নম্বর অর্জনে সকলকে সহযোগিতার অনুরোধ জানান। সেইলক্ষ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদক সূচকসমূহ সভায় তুলে ধরলে সভাপতিসহ সকল সদস্য সক্রিয় অংশগ্রহণ করেন।

৪.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

৪.১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সফল বাস্তবায়নে নিম্নরূপভাবে কার্যক্রমভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তা দায়িত্ব পালন করবেন।

ক্র. নং	কার্যক্রম	ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম পদবী ও উইং
১	[১.১] সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	জনাব সাদেক হোসেন খোকা মো. মিনার উদ্দীন
২	[১.২] ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেইজ প্রস্তুত করা এবং সেবাসমূহ চালু করা	জনাব মেহেনাজ তাবাসসুম উপপরিচালক, এফএন্ডএমআইএস ও জনাব মো. মিনার উদ্দীন এসও, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং
৩	[১.৩] ই-নথির ব্যবহার বৃদ্ধি	জনাব সাদেক হোসেন খোকা, প্রোগ্রামার, কম্পিউটার উইং
৪	[১.৪] চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন	জনাব মোহাম্মদ সাদ্দাম হোসেন খান, উপপরিচালক, এগ্রিকালচার উইং ও জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম উপপরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং

  
২১/৮/২২

৫	[২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ	মোসাম্মৎ সাঈদা বেগম, প্রোগ্রামার, কম্পিউটার উইং
৬	[২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম উপপরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং


৪.২) কর্মসম্পাদন সূচক ১.২.১ এ বর্ণিত ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেইজ কর্মপরিকল্পনায় উল্লেখিত তারিখের মধ্যে দ্রুত প্রস্তুত করে তার বাস্তবায়নে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.৩) কর্মসম্পাদন সূচক ১.৪.১ এ বাস্তবায়নে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.৪) কর্মসম্পাদন সূচক ১.৪.২ বাস্তবায়নে আগামী ০২/০৯/২০২২ খ্রি. তারিখে গোপালগঞ্জে কর্মশালা আয়োজনে কমিটির সদস্য সচিব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪.৫) বিবিএস এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নার্থে সম্ভাব্য কর্মশালা ও প্রশিক্ষণ সময়, স্থান ও ব্যয় বিভাজনসহ একটি সময়াবদ্ধ ও কার্যকরী কর্মপরিকল্পনা দ্রুত প্রস্তুত করতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



আবুল কালাম আজাদ  
পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা  
ফোন: ৫৫০০৭০৪৬  
ইন্টারকমঃ ১৪৬৩

বিতরণ :

- ১। জনাব/বেগম..... সদস্য, ইনোভেশন কমিটি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
- ২। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং (পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ১। পরিচালক, এফএএন্ডএমআইএস, বিবিএস
- ২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (উপমহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। আয়ন ব্যয়ন কর্মকর্তা, এফএএন্ডএমআইএস, বিবিএস।